রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।
www.rajukdhaka.gov.bd

## আইন উপদেষ্টা নিয়োগের (চুক্তিভিত্তিক) বিজ্ঞপ্তি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কিছু সংখ্যক বিজ্ঞ আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের (চুক্তিভিত্তিক) জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | আইন উপদেষ্টা | - | দরখাস্তকারীকে অবশ্যই মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা অথবা নিম্ন আদালতে কমপক্ষে ১৫ (পনের) বছরের আইন পেশায়/বিচার বিভাগীয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী:

(ক) বিজ্ঞ প্যানেল আইন উপদেষ্টা রাজউকের পক্ষে বিভিন্ন নথিতে মতামতসহ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত মামলায় প্রতিদ্বন্দ্বিতা করবেন। রাজউকের সিডিউল মোতাবেক সম্মানী (সরকারী ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) প্রাপ্য হবেন।

(খ) রাজউকের স্বার্থ আছে এমন কোন মামলায় রাজউকের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(গ) নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে পরিচালক (আইন), রাজউক বরাবর দাখিল করতে হবে।

(ঘ) মামলায় রাজউকের বিপক্ষে রায় হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরী ভিত্তিতে আইন শাখাকে অবহিত করতে হবে।

(ঙ) মামলা সংক্রান্ত বিষয়ে হালনাগাদ তথ্যসহ মামলার তারিখ এবং মামলার সর্বশেষ অবস্থা বিস্তারিতভাবে পরিচালক (আইন) কে অবহিত করতে হবে।

(চ) কোন বিজ্ঞ আইন উপদেষ্টার পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরখাস্তাকারীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক দরখাস্ত করতে হবে।

(১) নাম, (খ) পিতার/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বারসহ), (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, (ছ) মহামান্য আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগে ও জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির সার্টিফিকেট, (জ) অভিজ্ঞতা, (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

অ:পৃ: ০২

(২) চেয়ারম্যান, রাজউক বরাবর দরখাস্ত ২০/০১/২০২১ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন পরিচালক (আইন), রাজউক, ঢাকা এর দপ্তরে পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

(৩) দরখাস্তের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত (রঙিন) ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার /কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৪) আবেদনকারীকে সততার সাথে মামলায় প্রতিদ্বন্দ্বিতায় সক্ষম হতে হবে।

(৫) প্রত্যেক দরখাস্তকারীকে দরখাস্তের সাথে "চেয়ারম্যান, রাজউক", ঢাকা এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

(৬) বিগত ১২.০৩.২০১৯ তারিখে বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল আইনজীবী বিজ্ঞ আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের (চুক্তিভিত্তিক) জন্য দরখাস্ত করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

(৭) বিজ্ঞ আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল ও নতুন কোন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করতে পারেন।

(কাজী মোহাম্মদ হাসান)
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।
www.rajukdhaka.gov.bd

## প্যানেল আইনজীবী নিয়োগের (চুক্তিভিত্তিক) বিজ্ঞপ্তি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষ্যে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ এবং ঢাকা, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলা সমূহের এখতিয়ারাধীন বিজ্ঞ জেলা জজ আদালতসমূহের মামলা পরিচালনার জন্য কিছু সংখ্যক বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগের (চুক্তিভিত্তিক) নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র;নং | পদের নাম | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | প্যানেল আইনজীবি | - | দরখাস্তকারীকে অবশ্যই মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা অথবা নিম্ন আদালতে কমপক্ষে ১০ (দশ) বছরের আইন পেশায়/বিচার বিভাগীয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী:

(ক) প্যানেল আইন আইনজীবী রাজউকের পক্ষে বিভিন্ন মামলায় প্রতিদ্বন্দ্বিতা করবেন এবংরাজউকের সিডিউল মোতাবেক সম্মানী (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) প্রাপ্য হবেন।

(খ) রাজউকের স্বার্থ আছে এমন কোন মামলায় রাজউকের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(গ) নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে নির্দিষ্ট ছক আকারে পরিচালক (আইন), রাজউক বরাবর দাখিল করতে হবে।

(ঘ) মামলায় রাজউকের বিপক্ষে রায় হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরী ভিত্তিতে আইন শাখাকে অবহিত করতে হবে।

(ঙ) মামলা সংক্রান্ত বিষয়ে হালনাগাদ তথ্যসহ মামলার তারিখ এবং মামলার সর্বশেষ অবস্থা বিস্তারিত ভাবে পরিচালক (আইন) কে অবহিত করতে হবে।

(চ) কোন আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ছ) রাজউকের প্যানেলভূক্ত বিজ্ঞ আইনজীবীগণকেও নতুনভাবে প্যানেলভুক্তির জন্য আবেদন করতে হবে।

অ:পৃ: ০২

<u>**দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে।**</u>

১। (ক) নাম, (খ) পিতার/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা এবং ফোন নাম্বার, (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (ছ) মহামান্য হাইকোর্ট/আপীল বিভাগে ও জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভূক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভূক্তির সার্টিফিকেট, (জ) মামলা পরিচালনার অভিজ্ঞতা, (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

২। চেয়ারম্যান, রাজউক বরাবর দরখাস্ত আগামী ২০/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ডাক যোগে/ সরাসরি অফিস চলাকালীন পরিচালক (আইন) দপ্তরে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

৩। দরখাস্তের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত (রঙিন) ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি অথবা জাতীয় পরিচয় পত্রের কপি দাখিল করতে হবে।

৪। আবেদনকারীকে সু-স্বাস্থ্য ও মানসিকভাবে সততার সাথে মামলায় প্রতিদ্বন্দ্বিতায় সক্ষম হতে হবে।

৫। প্রত্যেক দরখাস্তকারীকে দরখাস্তের সাথে "চেয়ারম্যান, রাজউক", ঢাকা এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

৬। ইত:পূর্বে রাজউকের প্যানেলভুক্তি আইনজীবীগণকেও নতুনভাবে তালিকভুক্তির জন্য আবেদন করতে হবে।

৭। বিগত ২৬.০২.২০১৯ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল বিজ্ঞ আইনজীবী প্যানেলভুক্তির জন্য দরখাস্ত করেছেন তাঁদের অত্র বিজ্ঞপ্তির প্রেক্ষিতে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৮। প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল ও নতুন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(কাজী মোহাম্মদ হাসান)
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।
www.rajukdhaka.gov.bd

## আইন পরামর্শক নিয়োগের (চুক্তিভিত্তিক) বিজ্ঞপ্তি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকার অধীনে বিজ্ঞ আইন পরামর্শক হিসেবে নিয়োগের (চুক্তিভিত্তিক) জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | আইন পরামর্শক | - | দরখাস্তকারীকে অবশ্যই এলএল.এম পাস সহ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৭ (সাত) বছরের অভিজ্ঞতাসহ আইন/বিচার বিভাগীয় কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আপীল বিভাগে তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী:

(১) **প্রার্থীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে।**
(ক) নাম, (খ) পিতার/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ও বর্তমান ঠিকানা, (ঙ) জন্ম তারিখ, (চ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (ছ) মহামান্য হাইকোর্ট/আপীল বিভাগে ও জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভূক্তির সার্টিফিকেট, (জ) মামলা পরিচালনার অভিজ্ঞতা, (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

(৩) সপ্তাহে ৪ (চার) দিন রাজউকের আইন শাখায় উপস্থিত থেকে কাজ করতে হবে।

(৪) অফিস সময় সূচী অনুযায়ী নিয়মিতভাবে রাজউক ভবনের নির্ধারিত অফিস কক্ষে উপস্থিত থেকে মামলা সমূহের জবাব প্রণয়ন ও মামলার করণীয় নির্ধারণ সংক্রান্ত মতামত প্রদানের দায়িত্ব পালন করতে হবে।

(৫) আবেদনকারীর বয়স কোন অবস্থাতেই ৬৫ বছরের উর্দ্ধে হবে না।

(৬) বিজ্ঞ আইন পরামর্শক হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ ২ (দুই) বছর। তবে নিয়োগের মেয়াদ হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৭) প্রার্থীকে সু-স্বাস্থ্য ও মানসিকভাবে দায়িত্ব পালনে সক্ষম হতে হবে।

(৮) প্রত্যেক প্রার্থীকে দরখাস্তের সাথে চেয়ারম্যান, রাজউকের অনুকূলে ৫০০/- (পাঁচ শত) টাকা মূল্যের পে-অর্ডার (অফেরৎযোগ) দাখিল করতে হবে।

(৯) চেয়ারম্যান, রাজউক বরাবর দরখাস্ত ২০/০১/২০২১তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন পরিচালক (আইন), রাজউক, ঢাকা এর দপ্তরে পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

(১০) বিজ্ঞ আইন পরামর্শক নিয়োগের (চুক্তিভিত্তিক) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল ও নতুন শর্ত সংযোজনের/বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(১১) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করতে পারেন।

(কাজী মোহাম্মদ হাসান)
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।